আরাফাত রহমান কোকো’র মৃত্যুবার্ষিকীতে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া মাহফিল

মেহেরপুরে বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও রাজনৈতিক ব্যক্তিত্ব আরাফাত রহমান কোকো’র ১১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আরাফাত রহমান কোকো স্মৃতি ক্লাব, মেহেরপুর জেলা শাখার উদ্যোগে শহরের ৫নং ওয়ার্ডের চক্রপাড়া মোড় এলাকায় এ কর্মসূচির আয়োজন করা হয়।

আলোচনা সভায় ক্লাবের সভাপতি নির্বাচিত মোঃ মনিরুল ইসলাম মনিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। সভা সঞ্চালনা করেন ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ ফূর্তি হাসান।

বক্তারা বলেন, আরাফাত রহমান কোকো ছিলেন একজন নিবেদিতপ্রাণ ক্রীড়া সংগঠক ও মানবিক মানুষ। ক্রীড়া উন্নয়নে তাঁর অবদান আজও স্মরণীয় হয়ে আছে। তাঁর আদর্শ ও কর্মকাণ্ড নতুন প্রজন্মের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে।

এ সময় ক্লাবের অন্যান্য সদস্য, স্থানীয় নেতৃবৃন্দ ও এলাকাবাসী উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে মরহুমের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে আরাফাত রহমান কোকো স্মৃতি ক্লাব গঠন

মেহেরপুর শহরের ৫নং ওয়ার্ডের চক্রপাড়া মোড় এলাকায় আল-মারহুম আরাফাত রহমান কোকো স্মৃতি ক্লাব গঠন করা হয়েছে। নতুন কমিটির

সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ মনিরুল ইসলাম মনি এবং সাধারণ সম্পাদক হয়েছেন মোঃ ফূর্তি হাসান।

কমিটির অন্যান্য দায়িত্বপ্রাপ্তরা হলেন সিনিয়র সভাপতি মোঃ মনি সর্দার, সহ-সভাপতি মোঃ শামীম হোসেন, মোঃ সুজন আলী, মোঃ শফি, সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রফি, যুগ্ম সম্পাদক মোঃ সোহাগ, মোঃ জুয়েল, মোঃ বিল্লাল, সাংগঠনিক সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, সহ-সাংগঠনিক সম্পাদক মোঃ রতন আলী, মোঃ রাজন আলী, প্রচার সম্পাদক মোঃ মিনার, দপ্তর সম্পাদক মোঃ বিতন, কোষাধ্যক্ষ মোঃ তুহিন, ক্রীড়া বিষয়ক সম্পাদক মোঃ রাব্বি

ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোঃ শহর আলী।

এছাড়াও সদস্য হিসেবে হয়েছেন মোঃ বাঁধন, মোঃ কালাম, মোঃ শাহীন, মোঃ জীবন, মোঃ মাহাফিল, মোঃ রিটন, মোঃ রিমন, মোঃ মিলন, মোঃ মেহেদী হাসান, মোঃ সোহেল কাজী, মোঃ বাবু ও মোঃ সোহান।

নবগঠিত কমিটি এলাকার যুব সমাজের উন্নয়ন, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেছেন স্থানীয়রা।